গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(জনপ্রশাসন শাখা)
www.dcsylhet.gov.bd

স্মারক নং- ০৫.৬০.৯১০০.০০৬.১১.০০১.১৩- ৬০ তারিখ- ০৬/০১/২০১৩ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২/১১/২০১২ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩২.১১-২৫৫ এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর ১৮/১২/২০১২ তারিখের ০০.২৬৬.০১১.০০.০৪.০০৫.২০১০-১৩১৮ নং স্মারকদ্বয়ের পরিপ্রক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট ও এর অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সমূহে নিম্নবর্ণিত শূণ্যপদের বিপরীতে প্রদর্শিত ২০০৯ সনের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন-ভাতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে সিলেট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৫২০০-১১২৩৫/- | ০৫(পাঁচ) | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাস। সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দের গতি সম্পন্ন। কম্পিউটার কম্পোজে প্রতিমিনিটে গতি বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |

### শর্তাবলী :

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম,স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্মতারিখ (এস এস সি সার্টিফিকেট অনুযায়ী ), বয়স ( ৩১/০১/২০১৩ তারিখে), জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ শিক্ষাগত যোগ্যতার বিবরণী নিম্নলিখিত ছকে প্রদান করতে হবে।

| পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ | পাশের বছর |
|---|---|---|---|---|
| | | | | |

০৩। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি।

(খ) সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১(এক) কপি নাগরিকত্ব সনদপত্র।

(গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি ( ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

০৪। প্রার্থীর বয়স ৩১/০১/ ২০১৩ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। প্রার্থী মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে সেক্ষেত্রে তার পিতা-মাতার মুক্তিযোদ্ধা বিষয়ে প্রমাণের জন্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি) সংযুক্ত করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোনো সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।

০৬। পরীক্ষার ফি বাবদ হিসাব কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১ খাতে ১০০/- (একশত) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৭। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদন পত্রের সাথে নিজের নাম, ঠিকানা লিখিত ০৬/- (ছয়) টাকার ডাকটিকেট লাগানো ১০.৫″X ৪.৫″ সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

০৮। জেলা প্রশাসক, সিলেটকে সম্বোধন করে আবেদন করতে হবে। আবেদনপত্র আগামী ৩১/০১/২০১৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে জেলা প্রশাসক, সিলেট এর কার্যালয়ে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

০৯। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। চাকুরীরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সমূহ বাতিল বলে গণ্য হবে।

১১। ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণীর কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। প্রার্থীদের লিখিত /মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৪। নিদিষ্ট কোনো কোটায় নিয়োগের দাবীদার প্রার্থীকে তাঁর দাবীর স্ব-পক্ষে সরকার নির্ধারিত সনদপত্র দাখিল করতে হবে। অন্যথায় তাঁর দাবী গ্রহণযোগ্য হবে না।

১৫। আবেদনপত্রে বর্ণিত যে কোনো তথ্য যে কোন পর্যায়ে ভূঁয়া/মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৭। প্রার্থী কোনো কোটা সুবিধার আওতায় আবেদন করলে খামের উপরে এবং আবেদনের উপরে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৮। নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

( খান মোহাম্মদ বিলাল )
জেলা প্রশাসক
সিলেট।
ফোন নং- ০৮২১-৭১৬১০০
ই-মেইল- dcsylhet@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৬০.৯১০০.০০৬.১১.০০১.১৩- ৬০(৭৬) তারিখ- ০৮/০১/২০১৩ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য :

০৩। জেলা প্রশাসক, ............................................ (সকল)।

০৪। পুলিশ সুপার, সিলেট।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, ........................................................ (সকল), সিলেট।

০৬। আঞ্চলিক পরিচালক, বিজ্ঞপ্তি বিভাগ, বাংলাদেশ বেতার, সিলেট। বিজ্ঞপ্তিটি আগামী ৩১/ ০১/২০১৩ তারিখের পূর্বে কয়েকদিন বেতারের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৭। সহকারী কমিশনার (ভূমি), ................................................ (সকল), সিলেট।

০৮। জেলা তথ্য অফিসার, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৯। সম্পাদক, দৈনিক সিলেটের ডাক / দৈনিক সবুজ সিলেট। উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১১/ ০১/২০১৩ তারিখের মধ্যে ০১ (এক) বার তাঁর পত্রিকায় প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ)টি কপি জেলা প্রশাসক, সিলেট বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০। নোটিশ বোর্ড।

১১। অফিস নথি।

জেলা প্রশাসক
সিলেট।